

18

কৃষি বিজ্ঞানের ছাত্ররা  
কৃষি বিশ্ববিদ্যালয়ে  
ভর্তির সুযোগ পায় না

কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের  
৬টি অনুষদের স্নাতক সপ্তম প্রথম  
বর্ষের ভর্তির নিয়ম কানুন পরি-  
(৪র্থ পৃঃ দ্রঃ)

কৃষি বিজ্ঞানের

(৩য় পৃঃ পর)

বর্তন করা, গত সেশন (১৯৯২-৯৩  
হইতে এইচএসসি পরীক্ষায় পদার্থ)  
বিদ্যা, রসায়ন বিদ্যা, গণিত ও  
জীববিদ্যায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই  
শুধু ভর্তির জন্য আবেদন করিতে  
পারিবে। চলতি সেশনেও (১৯৯৩-  
৯৪) এইচ এসসি পরীক্ষায় কৃষি-  
বিজ্ঞানমহ অন্যান্য বিভাগের উত্তীর্ণ  
ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবে-  
দন করিতে পারিবে না। ফলে,  
ইতিমধ্যে ভর্তির আবেদনকারীর  
সংখ্যা আশংকাজনকভাবে হ্রাস  
পাইয়াছে।

এই নতুন ব্যবস্থার কারণে  
দেশের বিভিন্ন কলেজ হইতে  
হাজার হাজার ছাত্র-ছাত্রী এইচ  
এসসি পরীক্ষায় কৃষি বিজ্ঞানে ভাল  
ফল করিয়াও উচ্চতর কৃষি শিক্ষা  
হইতে বঞ্চিত হইতেছে। এই ক্ষে-  
ত্র পূর্ণ নিয়মের কারণে 'দশম শ্রেণী  
পর্যন্ত কৃষি বিজ্ঞান বাধ্যতামূলক'  
করার সরকারী উদ্দেশ্যও বাধ  
হইয়া যাওয়ার আশঙ্কা দেখা  
দিয়াছে। এইচএসসি'র সমমানের  
পাস করা ছাত্র-ছাত্রীদের ভর্তির  
আবেদন করার সুযোগ দিলেও  
সমমানের অর্থাৎ মাত্রাসার ছাত্র-  
ছাত্রীদের জীব-বিদ্যা/গণিত না  
থাকায় তাহারাও কৃষি বিশ্ববিদ্যা-  
লয়ে ভর্তির জন্য আবেদন করিতে  
পারে না। এই পরিবর্তিত ভর্তি  
ব্যবস্থা হাজার হাজার ছাত্রছাত্রীকে  
কৃষি বিষয়ক সর্বোচ্চ বিদ্যাপীঠ  
ভর্তির সুযোগ হইতে বঞ্চিত  
করিয়াছে।